



পানামাকে ৬-২ গোলে বিধ্বস্ত করল ব্রাজিল



ছবি: সংগৃহীত

বিশ্বকাপ মিশনের প্রস্তুতি ম্যাচে পানামাকে ৬-২ গোলে উড়িয়ে দিয়েছে ব্রাজিল। সোমবার ঐতিহাসিক মারাকানা স্টেডিয়ামে এই বড় জয় পায় পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়নরা।

ম্যাচের মাত্র ২ মিনিটে ভিনিসিউস জুনিয়রের দূরপাল্লার বুলেট শটে লিড নেয় ব্রাজিল। ১৪ মিনিটে কুইয়ারের আত্মঘাতী গোলে পানামা সমতায় ফিরলেও তা স্থায়ী হয়নি। ৩৯ মিনিটে কাসেমিরোর দুর্দান্ত হেডে ২-১ ব্যবধানে এগিয়ে থেকে বিরতিতে যায় সেলসাওরা।

দ্বিতীয়ার্ধে মাঠে নামার সময় গোলরক্ষক বাদে একসঙ্গে ১০ জন খেলোয়াড় বদলে ফেলেন কোচ কার্লো আনচেলত্তি। এই মাস্টারস্ট্রোকে মাঠের চিত্র পুরোপুরি বদলে যায় এবং খড়কুটোর মতো উড়ে যায় পানামা।

মাত্র ১০ মিনিটের ঝড়ে ব্রাজিলের হয়ে গোল উৎসব করেন তরুণ হায়ান (৫৩ মিনিট), পাকেতা (৬০ মিনিট) ও থিয়াগো (৬৩ মিনিট)। এতে স্বাগতিকদের স্কোরলাইন দাঁড়ায় ৫-১। ৮১ মিনিটে দানিলো সান্তোস ব্রাজিলের হয়ে ষষ্ঠ গোলটি করেন। ৮৪ মিনিটে পানামার কার্লোস হার্ভে দূরপাল্লার শটে এক গোল শোধ করলেও তা শুধু পরাজয়ের ব্যবধানই কমিয়েছে। আগামী রোববার পরবর্তী প্রীতি ম্যাচে ব্রাজিলের প্রতিপক্ষ মিশর। এরপর ১৪ জুন মরক্কোর বিপক্ষে ম্যাচ দিয়ে আনুষ্ঠানিকভাবে শুরু হবে সেলসাওদের বিশ্বকাপ অভিযান।